

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৯১

২. সালাত অধ্যায় (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৬. ইমামকে সালাত সংক্ষিপ্ত করা যে নির্দেশ প্রদান করা হয়েছে

بَابِ مَا أُمِرَ الْإِمَامُ مِنْ التَّخْفِيفِ فِي الصَّلَاةِ

## আরবী

أَخْبَرَنَا جَعْفَرُ بْنُ عَوْنٍ أَخْبَرَنَا إِسْمَعِيلُ بْنُ أَبِي خَالِدٍ عَنْ قَيْسٍ عَنْ أَبِي مَسْعُودٍ الْأَنْصَارِيِ قَالَ جَاءَ رَجُلُ إِلَى النَّبِيِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ وَاللَّهِ إِنِي الْأَنْصَارِيِ قَالَ جَاءَ رَجُلُ إِلَى النَّبِيِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَأَتْا خَيْهُ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَنْ صَلَاةِ الْغَدَاةِ مِمَّا يُطِيلُ بِنَا فِيهَا فُلَانٌ فَمَا رَأَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَنْ صَلَاةً مِنْهُ يَوْمَئِذٍ فَقَالَ أَيُّهَا النَّاسُ إِنَّ مِنْكُمْ مُنَفِّرِينَ فَمَنْ صَلَّى بِالنَّاسِ فَلْيَتَجَوَّزْ فَإِنَّ فِيهِمْ الْكَبِيرَ وَالضَّعِيفَ وَذَا الْحَاجَةِ

## বাংলা

১২৯১. আবু মাসউদ আল আনসারী রাদ্বিয়াল্লান্থ আনন্থ হতে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লামের নিকট এক ব্যক্তি এসে বললো: ইয়া রাসূলুল্লাহ! আল্লাহর কসম! অবশ্যই আমি ভোরের (ফজরের) সালাতে হাজির হই না। (কেননা,) অমুক ব্যক্তি আমাদের নিয়ে খুব দীর্ঘ করে সালাত আদায় করে। আমি নবী সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লামকে নসীহত করার ক্ষেত্রে সেইদিনের চেয়ে অধিক রাগান্বিত হতে আর কখনো দেখিনি। তিনি তখন বললেন: "হে লোক সকল! নিশ্যু তোমাদের মাঝে বিরক্তি উত্পাদনকারী লোকজন রয়েছে। অতএব, যে ব্যক্তি লোকদেরকে নিয়ে সালাত আদায় করবে, সে যেনো সালাত সংক্ষিপ্ত করে। কেননা, তার পিছনে বৃদ্ধ, দুর্বল ও প্রয়োজনগ্রস্ত (লোকজন) থাকে।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ। এটি সহীহ বুখারী-মুসলিমের হাদীস।

তাখরীজ: সহীহ বুখারী ৯০; সহীহ মুসলিম ৪৬৬;



আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ২১৩৭ ও মুসনাদুল হুমাইদী নং ৪৫৮।....

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ মাসউদ আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন